



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
১৫২/১, এস.ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা  
www.cevccomilla.gov.bd

মুসক অব্যাহতির প্রত্যয়নপত্র


জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর. ও নং- ১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মুসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রিঃ এ প্রদত্ত ক্ষমতাবলে এই দপ্তরের অধিক্ষেত্রে অবস্থিত মূল্য সংযোজন কর নিবন্ধিত এবং শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান হিসাবে ঘোষিত মেসার্স ডেনিম প্রসেসিং প্ল্যান্ট লিমিটেড, বেলাশ্বর, চান্দিনা, কুমিল্লা কে তাঁদের গত ২৪/১২/২০২০ খ্রিঃ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি কাজে ব্যবহৃত গ্যাস মিটার নং-১৫৩৯৫৮ (গ্রাহক সংকেত-২-আই, ক্যাপ নং-০০০০৪) এবং বিদ্যুৎ মিটার নং-১৫৫৫২৪১৫ এর বিলের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে নিম্নবর্ণিত হারে মুসক অব্যাহতির জন্য আদেশ দেয়া হলো।

নামকরণ কোড/সেবার কোড	পণ্য/সেবার বিবরণ	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
২৭১১.২১.২০	প্রাকৃতিক গ্যাস	১০০ (একশত) শতাংশ
So৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	১০০ (একশত) শতাংশ

শর্তাবলী:

- এ অব্যাহতির আদেশ ফেব্রুয়ারি/২০২১ মাসের বিল থেকে কার্যকর হবে এবং জানুয়ারি/২০২২ মাস পর্যন্ত বহাল থাকবে;
- উল্লিখিত গ্যাস এবং বিদ্যুৎ মিটার আলোচ্য প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত থাকতে হবে এবং এগুলো প্রতিষ্ঠানের নিবন্ধিত অঙ্গনে/অফিসে সংস্থাপিত থাকতে হবে;
- প্রতিষ্ঠান সংলগ্ন আবাসিক ভবন ও রেস্ট হাউসে কোন অবস্থাতেই মুসক অব্যাহতির সুযোগ গ্রহণ করা যাবে না। আদেশভুক্ত উক্ত মিটারদ্বয়ের মাধ্যমে আবাসিক ভবন ও রেস্ট হাউসে গ্যাস ও বিদ্যুৎ ব্যবহারের কোন প্রমাণ পাওয়া গেলে প্রতিষ্ঠানের মুসক অব্যাহতির সুযোগ বাতিল করা হবে;
- সংশ্লিষ্ট শিল্পে গ্যাস ও বিদ্যুৎ সেবা রপ্তানি সহায়ক কাজে ব্যবহৃত হতে হবে;
- এ আদেশের আওতায় প্রতি মাসের অব্যাহতি প্রাপ্ত মুসক সংশ্লিষ্ট তথ্য উপরে বর্ণিত সাধারণ আদেশের 'পরিশিষ্ট-ক' এর ছক মোতাবেক সংশ্লিষ্ট দলিলাদিসহ বিভাগীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে;
- প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC -র কপি স্থানীয় মুসক কার্যালয়ে দাখিল করতে হবে;
- উপর্যুক্ত সাধারণ আদেশের বিধান যথাযথভাবে পরিপালনে ব্যর্থ হলে অব্যাহতির সুবিধা বাতিল করা হবে।

- প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত তথ্য ও প্রামাণ্য কাগজপত্রের ভিত্তিতে এই প্রত্যয়নপত্র প্রদান করা হলো। পরবর্তী সময়ে উপস্থাপিত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে কিংবা কোন তথ্য অসত্য বলে প্রমাণিত হলে এই অব্যাহতির সুবিধা বাতিলসহ প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী)  
কমিশনার

ফোন: ০৮১-৬৯২৯১

E-mail: cevccomilla@gmail.com